# গত সাতদিন

## (২৬.০৮.২০১৪–০১.০৯.২০১৪)

● ২০০০ ডেস্ক

### শিক্ষাঙ্গন

**বন্যার কবলে শিক্ষাপ্রতিষ্ঠান**


দেশের বন্যাকবলিত সাতটি জেলার নদ-নদীর পানি ৩০ আগস্ট বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়েছে। প্লাবিত হয়েছে নতুন নতুন এলাকা। পানিবন্দি হয়ে পড়েছে অসংখ্য মানুষ। পানি ঢুকে পড়ায় ৩০ আগস্ট বগুড়ার সারিয়াকান্দিতে ৪০টি ও শরীয়তপুরের তিন উপজেলায় ৩০টি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে।

### দিবস

**পালিত হলো আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস**

৩০ আগস্ট ছিল আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস। দিবসটি উপলক্ষে মৌলিক অধিকার সুরক্ষা কমিটি জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে 'স্বজনদের ব্যথা : গুম, খুন, অপহরণ আর না' প্রতিপাদ্য নিয়ে সম্মেলনের আয়োজন করে। এই সম্মেলনে দেশের বিভিন্ন স্থান থেকে অপহরণ ও গুম-খুন হওয়া ব্যক্তিদের স্বজনরা অংশ নেন এবং তাদের দুরবস্থার কথা তুলে ধরেন।

জাতিসংঘ ২০০২ সাল থেকে কাজ শুরু করে ২০০৬ সালের মাঝামাঝি নাগাদ গুমবিরোধী আন্তর্জাতিক সনদ রচনা করে। ইংরেজিতে এ সনদের নাম 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর প্রটেকশন অব অল পারসন্স অ্যাগেইনস্ট এনফোর্সড ডিসঅ্যাপিয়ারেন্স'। ২০১০ সালের ডিসেম্বরে এই আন্তর্জাতিক সনদ কার্যকর হয়। তাতে ৩০ আগস্টকে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস ঘোষণা করা হয়। এরপর ২০১১ সাল থেকে বিভিন্ন দেশে দিবসটি পালিত হচ্ছে। এ পর্যন্ত ৪৩টি দেশ সনদটি গ্রহণ করেছে, ৯৩টি দেশ অনুস্বাক্ষর করেছে। বাংলাদেশ এখনো এ সনদে স্বাক্ষর করেনি।




*সম্পাদক পরিষদ আয়োজিত 'গণমাধ্যমের সামনে চ্যালেঞ্জ' শীর্ষক আলোচনা সভা*

### গণমাধ্যম

**সম্প্রচার নীতিমালা প্রত্যাখ্যান**

গণমাধ্যম-সংশ্লিষ্ট ব্যক্তিরাই নিজেদের জন্য একটি আচরণবিধি বা নীতিমালা প্রণয়ন করতে পারেন। এতে গণমাধ্যমের ওপর সরকার যে নীতিমালা চাপিয়ে দেয়ার চেষ্টা করছে, তা এমনিতেই অকার্যকর হয়ে যাবে। সম্পাদক পরিষদ আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা এমন মত প্রকাশ করেন। আলোচনার বিষয়বস্তু ছিল 'গণমাধ্যমের সামনে চ্যালেঞ্জ'। এ সময় বেশিরভাগ আলোচকই সম্প্রচার নীতিমালা প্রত্যাখ্যান করেন। সভায় দীর্ঘ আলোচনা শেষে সম্পাদক পরিষদের সভাপতি গোলাম সারওয়ার বলেন, 'আমরাও এই নীতিমালা প্রত্যাখ্যান করছি। সমালোচনার মুখে এমনিতেই এটা স্তব্ধ হয়ে গেছে।' ৩০ আগস্ট রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত ওই সভায় প্রায় সব বক্তাই ওই নীতিমালার বিভিন্ন অসঙ্গতি ও অশুভ ইঙ্গিতগুলো তুলে ধরেন। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান এ জে এম শফিউল আলম ভূঁইয়া বলেন, গণমাধ্যমের স্বাধীনতার জন্য এই নীতিমালা করা হয়েছে। কণ্ঠরোধ করা এর লক্ষ্য নয়। আর গণমাধ্যমের স্বাধীনতার সীমা কতটুকু, সেটিও বিতর্কের মাধ্যমে নির্ধারণ করা দরকার।

অন্যদিকে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান এটি প্রণয়নে কপটতার আশ্রয় নেয়ার কথা উল্লেখ করে বলেন, 'আমরা যা বলেছিলাম বা দেখেছিলাম, চূড়ান্ত করার সময় তাতে সূক্ষ্ম পরিবর্তন করা হয়েছে। গণমাধ্যমকে শৃঙ্খলাবদ্ধ করতেই এসব করা হয়েছে।' নীতিমালাটি তথ্য অধিকার আইনসহ বেশ কিছু আইনের সঙ্গে সাংঘর্ষিক বলে মন্তব্য করেন তিনি।

### পররাষ্ট্র

**সড়ক যোগাযোগ**

বাংলাদেশ ও মিয়ানমারের সঙ্গে সড়ক যোগাযোগ বাড়াতে ভারত সরকারকে ১০৭ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দিয়েছে বিশ্বব্যাংক। ২৮ আগস্ট ভারতের কেন্দ্রীয় সরকার, মিজোরাম সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে এ বিষয়ে একটি চুক্তি স্বাক্ষর হয়। 'মিজোরাম রাজ্য সড়ক দুই– আঞ্চলিক পরিবহন সংযোগ' নামের একটি প্রকল্পের অধীনে এই ঋণ দেয়া হয়। এই প্রকল্পের ফলে মিজোরামের সঙ্গে বাংলাদেশ ও মিয়ানমারের আঞ্চলিক বাণিজ্যের দ্বার উন্মোচিত হবে বলে মনে করা হচ্ছে।

### অপরাধ

**উপস্থাপক ফারুকী নিজ বাসায় খুন**

রাজধানীর পূর্ব রাজাবাজারের নিজ বাসায় ২৭ আগস্ট রাতে খুন হন সুপ্রিমকোর্ট জামে মসজিদের খতিব এবং বেসরকারি টেলিভিশন চ্যানেলের ধর্মীয় অনুষ্ঠানের উপস্থাপক নুরুল ইসলাম ফারুকী। দুর্বৃত্তরা বাসায় ঢুকে হাত-পা বেঁধে তাকে গলা কেটে খুন করে। ফারুকী হত্যাকাণ্ডের পেছনে সম্ভাব্য চারটি কারণ সন্দেহ করেছে পুলিশ ফারুকীর ধর্মীয় মতাদর্শ নিয়ে বিরোধিতা, পারিবারিক সমস্যা, ব্যবসায়িক দ্বন্দ্ব এবং হজে লোক পাঠানো নিয়ে বিরোধিতার জের ধরে হত্যাকাণ্ড ঘটতে পারে। গত কয়েকদিনে প্রায় ৩০ জনকে জিজ্ঞাসাবাদ করার পর হত্যাকাণ্ডের ঘটনায় সন্দেহভাজন হিসেবে দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। ২৯ আগস্ট রাতে ও ৩০ আগস্ট সকালে নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানার মুড়াপাড়া এলাকায় অভিযান চালিয়ে মাহমুদা খাতুন ও তার সহযোগী হিসেবে শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়। ফারুকীর হত্যাকারীদের

## সপ্তাহের উক্তি



'খালেদা খুনি ও বিকৃত মানসিকতার।'
শেখ হাসিনা, প্রধানমন্ত্রী, জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা মহানগর আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় (কালের কণ্ঠ, ৩১ আগস্ট)



'এখন কিছু পাওয়ার, হওয়ার ও অবৈধ দখলের রাজনীতি চলছে। এটা অসুখে পরিণত হয়েছে।'
ড. কামাল হোসেন, গণফোরামের সভাপতি, দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভায় (প্রথম আলো, ৩০ আগস্ট)



'যে কাবিননামায় সই করে লাইসেন্স নিয়েছেন, সেটা পড়ে দেখুন।'
আবদুল লতিফ সিদ্দিকী, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী, টেলিভিশনগুলোর নেয়া লাইসেন্সের শর্ত সম্প্রচার নীতিমালায় রয়েছে এমন মন্তব্য করে (প্রথম আলো, ১ সেপ্টেম্বর)



'প্রধানমন্ত্রী হলেন চাঁদ। চাঁদের সামনে মোমের আলো কেউ দেখবে না। তাই প্রধানমন্ত্রীর সঙ্গে কোনো জনসভায় যাই না।'
ওবায়দুল কাদের, যোগাযোগমন্ত্রী, রাজশাহীতে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত সভায় (প্রথম আলো, ২৯ আগস্ট)



'পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকলে কেন বাড়ি করা যাবে না? বিশ্বের অনেক দেশে সমুদ্র ভরাট করেও বাড়িঘর হয়।'
মোশাররফ হোসেন, গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী, বন্যাপ্রবাহ এলাকা ও জলাশয় ভরাট করে আবাসন প্রকল্পের অনুমোদন প্রসঙ্গে (প্রথম আলো, ২৭ আগস্ট)



'সমন্বয় কমিটির নামে তিনি ৫৩ শ্রমিক সংগঠনকে পকেটে রাখতে পারেন, কিন্তু লঞ্চডুবি ঠেকাতে পারেন না।'
মোশরেফা মিশু, সভাপতি, গার্মেন্টস শ্রমিক ঐক্য ফোরাম, নৌমন্ত্রী শাজাহান খানের সমালোচনা করে (প্রথম আলো, ২৮ আগস্ট)

গ্রেফতার ও বিচারের দাবিতে ৩১ আগস্ট সকাল ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত হরতালের ডাক দেয় বাংলাদেশ ইসলামী ফ্রন্টের (মতিন) ছাত্রসংগঠন ইসলামী ছাত্রসেনা।

### গুলি করে তিনজনকে হত্যা

রাজধানীর মগবাজারে ২৮ আগস্ট রাতে তিনজনকে গুলি করে হত্যা করা হয়। নিহত তিনজন হলেন রানু আক্তার, বিল্লাল ও মুন্না। এ ঘটনায় রানুর ভাই হৃদয় গুলিবিদ্ধ হন। আশঙ্কাজনক অবস্থায় তিনি ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। নিহত রানুর স্বজনরা অভিযোগ করেছেন, চাঁদা না পেয়ে স্থানীয় সন্ত্রাসী মো. শাহ আলম ওরফে কালাবাবু এই হত্যাকাণ্ড ঘটিয়েছে। তবে আশপাশের লোকজন জানান, সরকারি জমির ওপর একটি টিনশেড বাড়ির দখল নিয়ে কালাবাবুর সঙ্গে মো. শামীম ওরফে কালাচানের বিরোধেই হত্যাকাণ্ড ঘটেছে। নিহত রানুর বড় ভাই কালাচান। বিল্লাল কালাচানের বাড়ির ভাড়াটে, মুন্না রাতে মগবাজারের সোনালীবাগের ওই বাড়িতে গিয়েছিল।

## সীমান্ত

### বিএসএফের নির্যাতনে বাংলাদেশি নিহত

সাতক্ষীরা সদর উপজেলার বৈকারী সীমান্তের বিপরীতে ভারতের কৈজুরী ক্যাম্প এলাকায় বিএসএফের নির্যাতনে আহমদ আলী নামের একজন গরু ব্যবসায়ী নিহত হয়েছেন। নিহতের বাবা উজির আলী জানান, তার ছেলেসহ পাঁচজন গত ২৯ আগস্ট চোরাইপথে ভারতে গরু আনতে যায়। ৩১ আগস্ট ভোর ৪টার দিকে গরু নিয়ে বাংলাদেশে আসার পথে কৈজুরী ক্যাম্পের বিএসএফ সদস্যরা আহমদ আলীকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে সীমান্তে ফেলে রাখে। পরে তার সঙ্গীরা লাশ নিয়ে আসে।

## অর্জন

### চীন-জাপানসহ ১২টি দেশে কর্মসংস্থানের সুযোগ

আইটি প্রফেশনাল এক্সামিনেশন কাউন্সিল (আইপিইসি) সদস্যপদ লাভ করতে যাচ্ছে বাংলাদেশ। এর ফলে আইটি পেশাজীবী বা গ্র্যাজুয়েটদের অভিন্ন একটি মানদণ্ডে সার্টিফিকেশন প্রাপ্তির সুযোগ ঘটবে। এর মাধ্যমে জাপান, ভারত, চীন, মালয়েশিয়া, তাইওয়ান, সিঙ্গাপুর, কোরিয়া, ফিলিপিন্স, থাইল্যান্ড, মিয়ানমার, ভিয়েতনাম ও মঙ্গোলিয়ায় সার্টিফিকেশনের মাধ্যমে এসব দেশে কর্মসংস্থানের সুযোগ হবে। আইটিই সার্টিফিকেশন বাংলাদেশের শিক্ষার্থী ও পেশাজীবীদের জন্য দেশে ও বিদেশে আকর্ষণীয় কর্মসংস্থানের নতুন এক সম্ভাবনার দ্বার খুলে দেবে।
৩১ আগস্ট রাজধানীর শেরেবাংলা নগরে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আইসিটি বিভাগের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। বাংলাদেশ ইনফরমেশন টেকনোলজি প্রফেশনাল এক্সামিনেশন সেন্টারের (আইটিপিইসি) সদস্যপদ গ্রহণ করায় এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত কম্পিউটার বিজ্ঞান ও অন্যান্য আইসিটি বিষয়ে শিক্ষার্থী, বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আইসিটি পেশাজীবী এবং আইসিটি জ্ঞান ও দক্ষতাসম্পন্ন ব্যক্তিরা পরীক্ষায় অংশ নিয়ে এ সুযোগ পাবেন। এর ফলে চীন-জাপানসহ ১২টি দেশে আইটি জ্ঞান নিয়ে উন্নতমানের কর্মসংস্থানের সুযোগ পাওয়া যাবে।

## আইন-আদালত

### মির্জা ফখরুলের বিরুদ্ধে মানহানির মামলা

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিরুদ্ধে মানহানির মামলা করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আওয়ামী লীগকে 'খুনি' বলে বক্তব্য দেয়ায় ফখরুলের বিরুদ্ধে এই মামলা করা হয়েছে। ১ সেপ্টেম্বর ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি নূর-ই-আলম সিদ্দিক মামলাটি দায়ের করেন।
২৪ আগস্ট নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজে খুনি, তার দল আওয়ামী লীগ একটি খুনের দল হিসেবে পরিচিত, সারা জাতি ও বিশ্ববাসী তা জানে' বলে মন্তব্য করেন। মির্জা ফখরুলের ওই বক্তব্যে আওয়ামী লীগ ও আওয়ামী লীগের নেত্রী শেখ হাসিনাকে সামাজিক ও আন্তর্জাতিকভাবে হেয়প্রতিপন্ন করা হয়েছে বলে অভিযোগ করা হয়। এ ধরনের মানহানিকর বক্তব্য দেয়ার অভিযোগে নূর-ই-আলম সিদ্দিক মামলাটি করেছেন।

## অর্থনীতি

### স্কুল ব্যাংকিংয়ে সঞ্চয় ৪০০ কোটি টাকা

বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে চালু হওয়া স্কুল ব্যাংকিং কার্যক্রমে শিক্ষার্থীরা বেশ সাড়া দিয়েছে। চলতি পঞ্জিকা বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) স্কুল ব্যাংকিংয়ের আওতায় শিক্ষার্থীরা ৪০৭ কোটি ২৯ লাখ টাকা সঞ্চয় করেছে। গত বছরের একই সময়ে এর পরিমাণ ছিল ১২৮ কোটি ৪৭ লাখ টাকা। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন থেকে জানা যায়, স্কুল ব্যাংকিংয়ে আমানতের পাশাপাশি হিসাবের সংখ্যাও বেড়েছে। ২০১৪ সালের জুন পর্যন্ত দেশে কর্মরত ৫৬টি ব্যাংক ৬ লাখ ৩৯ হাজার ৪৬৫টি স্কুল ব্যাংকিং হিসাব পরিচালনা করেছে। ২০১৩ সালের জুন শেষে তফসিলি ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিংয়ের হিসাব সংখ্যা ছিল ২ লাখ ৯৫ হাজার ৮০২টি।